

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৮/২০১৬

অভিযোগকারী : (১) বিপ্লব কর্মকার  
পিতা-সুভাষ কর্মকার  
(২) শ্রীধাম কর্মকার  
পিতা-সঞ্জু কর্মকার  
গ্রাম+পোস্ট-বিপুলাসার,  
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব মোঃ সালাহউদ্দিন  
সহকারী পরিচালক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৮-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ১১-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা বরাবরে ই-মেইলযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

জেলা ও দায়রা জজ আদালত, কুমিল্লা এর তথ্য কর্মকর্তা ও আপীল কর্মকর্তার নাম কি?

- ২। নির্ধারিত সময়ে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২১-১২-২০১৫ তারিখে জনাব সদর উদ্দিন আহমেদ, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), তথ্য কমিশন, ঢাকা বরাবরে ই-মেইলযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার পাননি উল্লেখ করে তিনি ২০-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে ই-মেইলযোগে অভিযোগ দাখিল করেন।
- ৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অধিকতর শুনানীর জন্য পরবর্তী ১৮-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৫। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৬। প্রতিপক্ষ জনাব মোঃ সালাহউদ্দিন, সহকারী পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য তার কাছে সংরক্ষিত নেই বা ওয়েবসাইটেও নেই মর্মে অভিযোগকারীকে তিনি লিখিতভাবে জানিয়ে দিয়েছেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, চাহিত তথ্য তার কাছে সংরক্ষিত না থাকায় বা তথ্য কমিশনের ওয়েবসাইটেও না থাকায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য প্রদান করা সম্ভব নয় বিধায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। তবে তথ্য কমিশনের যোগাযোগের পরিপ্রেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের স্মারক নং ১০.০০.০০০০.১২৯.১৮.০১৫.১৬-৫০৩ তারিখ: ১৭.০৪.২০১৬ মাধ্যমে বিভাগীয় /জেলা পর্যায়ে সকল জেলা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, বিভাগীয় স্পেশাল জজ আদালত, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, চীফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট আদালত এবং সকল প্রকার ট্রাইব্যুনালসমূহে তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করার নির্দেশনা দিয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে এবং তথ্য কমিশনকে অবহিত করা হয়েছে।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে অভিযোগকারীর প্রার্থিত তথ্যটি প্রদান না করার কারণ অভিযোগকারীকে অবহিত করা হয়েছে। অন্যদিকে আইন ও বিচার বিভাগ থেকে উল্লেখিত স্মারকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করার নির্দেশনা প্রদান করায় ইতিমধ্যে নিয়োগ কার্যক্রম শুরু হয়েছে। এমতাবস্থায়, অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সংশ্লিষ্ট আদালত থেকে সংগ্রহ করার নির্দেশনা দিয়ে অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাদ্দীদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

[বে.স]